

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

UAPAR, KGF শীর্ষক প্রকল্প

গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১৪.০০১.২১.৪৪১২

তারিখঃ ১৩-০৩-২০২২খ্রি.

নিয়োগপত্র

বিষয়: প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সায়েন্টিফিক এসিস্ট্যান্ট/ফিল্ড এসিস্ট্যান্ট পদে নিয়োগ।

উপর্যুক্ত বিষয়ে আবেদনের প্রেক্ষিতে জনাব সুব্রত হালদার, পিতা: সঞ্জয় হালদার, গ্রাম: দক্ষিণ হোগলা পাশা, ডাক: মুশিরহাট, উপজেলা : পাথরঘাটা, জেলা: বরগুনা-কে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ “কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে “Upscaling of agroecological farming technologies through Participatory Action Research (UAPAR)” শীর্ষক প্রকল্পে (কর্ম এলাকা মুক্তাগাছা, ময়মনসিংহ) সায়েন্টিফিক এসিস্ট্যান্ট/ফিল্ড এসিস্ট্যান্ট পদে আগামী অক্টোবর, ২০২৪ অথবা প্রকল্প মেয়াদকালীন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের শর্তাবলী নিম্নরূপঃ-

শর্তাবলীঃ-

- ১। বেতন ভাতা: সর্বসাকুল্য বেতন ২০,০০০/- (বিশ হাজার) টাকা। এছাড়া অন্য কোন প্রকার অতিরিক্ত বেতন-ভাতাদি দাবী করা যাবে না। তবে সরকার কর্তৃক এতদসংক্রান্ত বিষয়ে অন্য কোন পরিপত্র/স্মারক জারি করা হলে তাহা প্রযোজ্য হবে।
- ২। প্রকল্পে নিয়োজিত সকল জনবল প্রকল্পের মেয়াদকালীন সময়ে সার্বক্ষণিক প্রকল্পের কাজে নিয়োজিত থাকবে এবং এই নিয়োগপত্র মেয়াদ শেষে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
- ৩। এই প্রকল্পের মেয়াদ অক্টোবর, ২০২৪খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ৪। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আওতাধীন উল্লিখিত কর্মস্থলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নির্দেশ মোতাবেক দৈনন্দিন কাজ সম্পাদন করতে হবে।
- ৫। কর্তব্যরত কর্মকর্তার অনুমোদন ব্যতিত কোন প্রকার ছুটি ভোগ করা যাবে না। অনুমোদনহীন ছুটি ভোগ করলে তা অনুপস্থিত হিসেবে গণ্য হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। ইচ্ছাকৃতভাবে বা অমনোযোগিতার কারণে প্রকল্পের কোন কাজ বা সম্পদ ক্ষতিগ্রস্ত হলে তা'র সম্পূর্ণ দায়ভার আপনাকেই বহন করতে হবে।
- ৭। প্রতিষ্ঠান কিংবা রাষ্ট্রের সম্মানহানী হয় এমন কোন কাজে লিপ্ত হওয়া যাবে না, লিপ্ত থাকার প্রমাণ পাওয়া গেলে তাৎক্ষণিক নিয়োগ বাতিলসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। চাকুরি সংক্রান্ত যে পরিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কীয় আচরণ বিধি এবং অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।
- ৯। প্রকল্পের আওতার জনবলকে কর্তৃপক্ষ যেকোন স্থানে বদলী করতে পারবে।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন পক্ষ হতে এক মাসের নোটিশ অথবা এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই নিয়োগপত্র বাতিল করতে পারবে। তবে নিয়োগপত্র বাতিলের পূর্বে সরকারী পাওনা পরিশোধ করতে হবে।
- ১১। এই নিয়োগপত্রে যা উল্লেখ করা হয় নাই তা, ও অন্যান্য বিষয়ে প্রকল্পে নিয়োজিত জনবল সম্পূর্ণ অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকবে।



উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে সাম্প্রতিককালের ০২ (দুই) কপি ছবিসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর আগামী ১৬-০৩-২০২২খ্রি. তারিখের মধ্যে অঙ্গিকারনামায় স্বাক্ষরপূর্বক যোগদান করবেন। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে অত্র নিয়োগপত্র বাতিল হিসেবে গণ্য হবে। কাজে যোগদানের তারিখ হতে এই নিয়োগপত্র কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. মো. নাজিম উদ্দিন)

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর

ও

কো-অর্ডিনেটর কাম পিআই

“কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে

“Upscaling of agroecological farming technologies through Participatory Action

Research (UAPAR)” শীর্ষক প্রকল্প

জনাব সুরত হালদার

পিতা: সঞ্জয় হালদার

গ্রাম: দক্ষিণ হোগলা পাশা, ডাক: মুশিরহাট

উপজেলা : পাথরঘাটা, জেলা: বরগুনা

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১৪.০০১.২২.৪৪১২

তারিখঃ ১৩-০৩-২০২২খ্রি.

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সেবা ও সরবরাহ/গবেষণা/উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র), বারি, গাজীপুর।
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর।
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব/সংগ্রহ ও ভান্ডার), বারি, গাজীপুর।
- ৫। ড. মো. নাজিম উদ্দিন, এসএসও, সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র বারি, গাজীপুর এবং কোঅর্ডিনেটর কাম পিআই “কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে “Upscaling of agroecological farming technologies through Participatory Action Research (UAPAR)” শীর্ষক প্রকল্প।
- ৬। নির্বাহী চেয়ারম্যানের একান্ত সচিব, কেজিএফ, ঢাকা।
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর।
- ৮। সংশ্লিষ্ট নথি।

(ড. মো. নাজিম উদ্দিন)

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর

ও

কো-অর্ডিনেটর কাম পিআই

“কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে

“Upscaling of agroecological farming technologies through Participatory Action

Research (UAPAR)” শীর্ষক প্রকল্প